**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/29/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# ঘরোয়া সহিংসতা সম্পর্কিত পরিষেবা প্রদানকারীদের ডায়াপার ও অন্যান্য অপরিহার্য জিনিস প্রদানের উদ্দেশ্যে বেবি টু বেবি (BABY2BABY)-এর সাথে গভর্নর হোকলের একটি পাইলট কর্মসূচি চালুর ঘোষণা

***নিউ ইয়র্ক সিটি, সাদার্ন টিয়ার:, ও ওয়েস্টার্ন নিউ ইয়র্কের ঘরোয়া সহিংসতা সম্পর্কিত ছয়টি পরিষেবা প্রদানকারী ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদের শিশুদের উপকৃত করবে এমন জিনিসগুলো পাবে***

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক সিটি, সাদার্ন টিয়ার, ও ওয়েস্টার্ন নিউ ইয়র্কে ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদের ও তাদের শিশুদের কাছে ডায়াপার ও অন্যান্য অপরিহার্য জিনিস বিতরণের উদ্দেশ্যে জাতীয় ডায়াপার ব্যাংক বেবি টু বেবি এবং ছয়টি ঘরোয়া সহিংসতা সম্পর্কিত পরিষেবা প্রদানকারীর সাথে একটি পাইলট কর্মসূচি ঘোষণা করেছেন। আজকের ঘোষণা ঘরোয়া ও যৌন সহিংসতার ভুক্তভোগীদের সহায়তার জন্য নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় নীতিমালা ও উদ্যোগগুলোকে সমর্থন করে এবং স্টেটব্যাপী পরিষেবা পৌঁছে দেয়াকে ভুক্তভোগী কেন্দ্রিক, মানসিক আঘাত সম্পর্কে অবহিত ও সাংস্কৃতিকভাবে প্রতিক্রিয়ামূলক হিসেবে রূপান্তরিত করছে, এবং সেইসাথে বেবি টু বেবি-এর সাথে নিউ ইয়র্ক স্টেটের অংশীদারিত্বকে সম্প্রসারণ করছে। NYS কেয়ার্স + বেবি টু বেবি ডায়াপার ব্যাংক (NYS Cares + Baby2Baby Diaper Bank) বর্তমানে নিউ ইয়র্কের জরুরি খাদ্যদান কর্মসূচিগুলোর মাধ্যমে স্টেটজুড়ে শিশু ও পরিবারগুলোকে, বিনামূল্যে, 20 মিলিয়ন ডায়াপার প্রদান করছে।

"ঘরোয়া সহিংসতার সমস্যার সাথে আমার ও আমার পরিবারের গভীর ব্যক্তিগত সম্পৃক্ততা রয়েছে, এবং এটি এমন একটি বিষয় যার বিরুদ্ধে আমি আজীবন লড়াই করে এসেছি," **বলেছেন গভর্নর হোকল।** "এই কর্মসূচির মাধ্যমে আমার প্রশাসন ভুক্তভোগীদের ও তাদের পরিবারগুলোকে একটি অপেক্ষাকৃত উজ্জ্বল, অধিকতর নিরাপদ ভবিষ্যত জীবন যাপনের জন্য তাদের প্রয়োজনীয় সহায়তা ও মৌলিক প্রয়োজনগুলো পেতে সাহায্য করতে দৃঢ় প্রতিজ্ঞ।"

বেবি টু বেবি হলো একটি ডায়াপার ব্যাংক ও অলাভজনক সংস্থা যা দরিদ্র শিশুদের ডায়াপার, পোশাক এবং প্রত্যেক শিশু পাওয়ার অধিকার রাখে এমন অন্যান্য মৌলিক প্রয়োজনীয় জিনিসগুলো প্রদান করে থাকে। নিউ ইয়র্ক স্টেট এই পাইলট কর্মসূচির জন্য সংস্থাটিকে নিউ ইয়র্ক সিটির হেল্প/রোডস (HELP/ROADS), আরবান রিসোর্স ইনস্টিটিউট (Urban Resource Institute), ও সেফ হরাইজন (Safe Horizon); সাদার্ন টিয়ারে লিবার্টি রিসোর্সেস (Liberty Resources); এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কে হিস্পানোস উনিডোস ডি বাফেলো (Hispanos Unidos

de Buffalo) ও YWCA নায়াগ্রা (YWCA Niagara)-এর সাথে সংযুক্ত করেছে, যা তাদেরকে এখন থেকে ডিসেম্বর পর্যন্ত সময়ের মধ্যে বেবি টু বেবি এর কাছে দুইটি অর্ডার দেয়ার সুযোগ করে দিবে। পরিষেবা প্রদানকারীরা 12 বছর পর্যন্ত বয়সের শিশু রয়েছে এমন গ্রাহকদের সম্পর্কে জরিপ করবে এবং বেবি টু বেবি-এর কাছ থেকে অপরিহার্য জিনিসগুলো পাওয়ার জন্য অনুরোধ করবে, যা প্রয়োজনগুলো মূল্যায়ন করবে এবং ভুক্তভোগী ও তাদের পরিবারের কাছে পৌঁছে দেয়ার জন্য সরাসরি সেবা প্রদানকারীদের কাছে অনুদান পাঠাবে।

**বেবি টু বেবি-এর কো-CEO কেলি প্যাট্রিকফ সইয়ার ও নোরা ওয়েনস্টেইন বলেন**, "এই নজিরবিহীন সময়ে ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদেরকে তাদের শিশুদের নিরাপদ ও সুস্থ রাখার জন্য তাদের প্রয়োজনীয় অপরিহার্য জিনিসগুলো প্রদান করার উদ্দেশ্যে নিউ ইয়র্ক স্টেটের সাথে আমাদের দীর্ঘস্থায়ী অংশীদারিত্বকে সম্প্রসারণ করতে পেরে বেবি টু বেবি গর্বিত। আমরা এই কাজের প্রভাব বৃদ্ধি করা চালিয়ে যাওয়ার প্রত্যাশা রাখি যাতে প্রত্যেক শিশু, পরিস্থিতি নির্বিশেষে, তাদের প্রাপ্য মৌলিক প্রয়োজনীয় জিনিসগুলো পায়।"

**ঘরোয়া সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তরের (Office for the Prevention of Domestic Violence) এক্সিকিউটিভ ডিরেক্টর কেলি ওয়েন্স বলেন**, "ভুক্তভোগীরা তাদের পরিবারের প্রয়োজন পূরণের জন্য অক্লান্তভাবে কাজ করে থাকেন, এবং প্রান্তিক কমিউনিটিগুলোতে বসবাসকারী ব্যক্তিদের জন্য এটি বিশেষভাবে চ্যালেঞ্জিং হতে পারে। নিউ ইয়র্ক স্টেট সেবা পৌঁছে দেয়াকে আরো বেশি ভুক্তভোগী-কেন্দ্রিক মডেলে রূপান্তর করার জন্য আমাদের কাজের অর্থ হলো ভুক্তভোগীরা যেখানে রয়েছেন সেখানে গিয়ে তাদের সাথে সাক্ষাত করা। ভুক্তভোগীদের স্থিতিশীলতা ও স্বনির্ভরতা খুঁজে নিতে সাহায্য করার জন্য তাদের যা কিছু প্রয়োজন তা পাওয়া নিশ্চিত করতে নিউ ইয়র্ক স্টেট অঙ্গীকারবদ্ধ, এবং এই কর্মসূচি যাদের এটির সবচেয়ে বেশি প্রয়োজন সেসব ভুক্তভোগীদের সাহায্য করবে।"

**শিশু ও পরিবার বিষয়ক পরিষেবার দপ্তরের (Office of Children and Family Services) কমিশনার শেইলা জে. পুলি বলেন,** "ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদের জন্য নিরাপদ আশ্রয় প্রদানের পাশাপাশি, আমাদেরকে তাদের মৌলিক চাহিদাগুলো পূরণের ব্যবস্থা করতে হবে এবং স্বনির্ভর হয়ে উঠতে তাদেরকে সাহায্য করতে হবে। ভুক্তভোগীদের ও তাদের অল্পবয়সী শিশুদের সহায়তা করতে এই গুরুত্বপূর্ণ কর্মসূচি প্রতিষ্ঠা করায় আমি গভর্নর হোকলের প্রশংসা করি।"

গত 10 বছরে বেবি টু বেবি গৃহহীনদের আশ্রয়কেন্দ্র, ঘরোয়া সহিংসতা সম্পর্কিত কর্মসূচি, ফস্টার কেয়ার, হাসপাতাল ও সুবিধাবঞ্চিতদের স্কুলগুলোতে, এবং সেইসাথে দুর্যোগের কারণে সর্বস্ব হারানো শিশুদের কাছে 200 মিলিয়নেরও বেশি জিনিস পৌঁছে দিয়েছে। এবছর বেবি টু বেবি ইতোমধ্যে 731 মিলিয়ন ডায়াপারের জন্য অনুরোধ পেয়েছে, যা 2020 সালের তুলনায় 505 শতাংশ বৃদ্ধি পেয়েছে। এছাড়াও বেবি টু বেবি ন্যাশনাল নেটওয়ার্ক নামক যুক্তরাষ্ট্রের 40টি সিটিতে দারিদ্র্যের মধ্যে বসবাসকারী শিশুদের কাছে মৌলিক প্রয়োজনীয় জিনিসগুলো বিতরণ করে এমন সমমনা সংস্থাগুলোর একটি গ্রুপের নেতৃত্ব দেয় বেবি টু বেবি।

স্টেটের ঘরোয়া সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তর হলো ঘরোয়া সহিংসতার সমস্যার জন্য নিবেদিত এক্সিকিউটিভ পর্যায়ের দেশের একমাত্র স্টেট সংস্থা। স্টেটের ঘরোয়া ও যৌন সহিংসতা

হটলাইন 800-942-6906 নম্বরে (কল), 844-997-2121 নম্বরে (টেক্সট) অথবা @opdv.ny.gov ঠিকানায় (চ্যাট) 24/7 খোলা থাকে।

স্টেটের শিশু ও পরিবার বিষয়ক পরিষেবা দপ্তর ঘরোয়া সহিংসতা সম্পর্কিত পরিষেবা প্রদানকারীদেরলাইসেন্স ও তহবিল প্রদান করে এবং স্টেটের অফিস অব ভিক্টিম সার্ভিসেস (Office of Victim Services) স্টেটব্যাপী 200 এরও বেশি ভুক্তভোগী সহায়তা কর্মসূচিতে অর্থায়ন ও সহায়তা করে যেগুলো অপরাধের ভুক্তভোগী ও বেচে ফিরে আসা ব্যক্তিদের এবং তাদের পরিবারের সদস্যদের সরাসরি সেবা প্রদান করে থাকে। এছাড়াও এসব ভুক্তভোগী সহায়তা কর্মসূচি অপরাধের ভুক্তভোগীদের সংস্থার কাছ থেকে ক্ষতিপূরণ ও অন্যান্য আর্থিক সহায়তা পাওয়ার জন্য আবেদন করতে সাহায্য করে, যা অন্য কোনো সংস্থান নেই এমন ব্যক্তিদের জন্য একটি নিরাপত্তা জাল হিসেবে কাজ করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418